

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
জেলা পরিষদ শাখা  
www.lgd.gov.bd

স্মারক নম্বর : ৪৬.৪২.৫২০০.০০০.১৪.১২৩.১৭.১৩২৮

তারিখ : ২৮ জ্যৈষ্ঠ ১৪৩৩  
১১ জুন ২০২৬


বিষয় : ২০২৩-২৪ ও ২০২৪-২৫ অর্থবছরে এডিপি, এডিপি বিশেষ ও সাশ্রয়কৃত ২৫.৪৫৭৯৩ লক্ষ (পঁচিশ লক্ষ পঁয়তাল্লিশ হাজার সাতশত তিরানকই) টাকা প্রাক্কলিত ব্যয়ে ৯টি প্রকল্প বাস্তবায়নের প্রশাসনিক অনুমোদন।

সূত্র: স্মারক নম্বর : ৪৬.৪২.৫২০০.০০২.১৪.০০৩.২৬-২৪৩; তারিখ : ২৬-০৪-২০২৬ খ্রি।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে ২০২৩-২৪ ও ২০২৪-২৫ অর্থবছরে এডিপি, এডিপি বিশেষ ও সাশ্রয়কৃত ২৫.৪৫৭৯৩ লক্ষ (পঁচিশ লক্ষ পঁয়তাল্লিশ হাজার সাতশত তিরানকই) টাকা প্রাক্কলিত ব্যয়ে ৯টি প্রকল্প বাস্তবায়নের প্রশাসনিক অনুমোদন নিম্নবর্ণিত শর্তে নির্দেশক্রমে জ্ঞাপন করা হলো :

শর্তাবলি:

- ক. প্রস্তাবিত প্রকল্প প্রকল্পগুলো দরপত্র পদ্ধতিতে বাস্তবায়ন করতে হবে। উল্লেখ্য, কমিটি দ্বারা পরিচালিত নয় এমন প্রতিষ্ঠানে কমিটি তথা পিআইসি দ্বারা প্রকল্প বাস্তবায়নের সুযোগ নেই;
- খ. পিপিএ-২০০৬, পিপিআর-২০২৫, জেলা পরিষদের এডিপি বরাদ্দ ব্যবহার নির্দেশিকা, ২০২২ এবং এ সংক্রান্ত প্রয়োজ্য সকল বিধিবিধান যথাযথভাবে অনুসরণ করতে হবে;
- গ. স্থানীয় সরকার বিভাগের অনুমোদিত কোনো প্রকল্প/প্রকল্প বাস্তবায়নের পদ্ধতি এ বিভাগের অনুমোদন ব্যতিরেকে পরিবর্তন করা যাবে না;
- ঘ. সামাজিক/শিক্ষা/ধর্মীয় প্রতিষ্ঠানের জন্য গৃহীত প্রকল্পসমূহ সমাপ্তির পর উক্ত স্থানে জনসাধারণের অবগতির জন্য 'প্রকল্পের নাম, অর্থবছর, ব্যয় এবং অর্থায়নে: জেলা পরিষদ, ...' শীর্ষক ফলক আবশ্যিকভাবে সংযোজন করতে হবে;
- ঙ. গৃহীত প্রকল্পসমূহের বিস্তারিত তথ্য (প্রকল্পের সংক্ষিপ্ত তথ্য, প্রাক্কলিত ব্যয়, প্রকল্পের মেয়াদ ইত্যাদি) সংশ্লিষ্ট গুরুত্বপূর্ণ স্থানে জনগণের অবগতির জন্য প্রদর্শন করতে হবে;
- চ. গত ১৬ ফেব্রুয়ারি ২০২২ তারিখে এ বিভাগ হতে জারিকৃত ৪৬.০০.০০০০.০৪২.২২.০০৯.২০২১-৩৪১নং পরিপত্রের ৫নং অনুচ্ছেদে বর্ণিত প্রকল্প গ্রহণ/বাস্তবায়ন করা যাবে না;
- ছ. প্রকল্পসমূহের বাস্তবায়ন অগ্রগতি সম্পর্কে জেলা পরিষদের ওয়েবসাইটে নিয়মিত তথ্য হালনাগাদ করতে হবে।

  
খোন্দকার ফরহাদ আহসান  
উপসচিব

ফোন : +৮৮০২২২৩৩৫৫৫৬৮  
Email : [lgzp@lgd.gov.bd](mailto:lgzp@lgd.gov.bd)

বিতরণ :


১. প্রশাসক, জেলা পরিষদ, লালমনিরহাট; এবং
২. প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, লালমনিরহাট।

স্মারক নম্বর : ৪৬.৪২.৫২০০.০০০.১৪.১২৩.১৭.১৩২৮

তারিখ : ২৮ জ্যৈষ্ঠ ১৪৩৩  
১১ জুন ২০২৬

অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

১. অতিরিক্ত সচিব (প্রশাসন অনুবিভাগ), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
২. যুগ্মসচিব (প্রশাসন অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৩. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৪. মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৫. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা; এবং
৬. সিস্টেম এনালিস্ট, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ]।

  
খোন্দকার ফরহাদ আহসান  
উপসচিব